

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪০৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬১. ওয়াক্ত চলে যাওয়ার পর নামায কাযা করা এবং কোন ব্যক্তি নামায শুরু করার পর তা সমাপ্ত হওয়ার পূর্বে ওয়াক্ত শেষ হয়ে গেলে

بَابُ قَضَاءِ الصَّلَاةِ بَعْدَ وَقْتِهَا وَمَنْ دَخَلَ فِي صَلَاةٍ فَخَرَجَ وَقْتُهَا قَبْلَ تَمَامِهَا

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ هَارُونَ الْإِسْكَافِيُّ ، ثَنَا إِسْحَاقُ بْنُ شَاهِينَ أَبُو بِشْرٍ نَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ يُونُسَ عَنِ الْحَسَنِ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فِي مَسِيرٍ لَهُ فَنَامُوا عَنْ صَلَاةِ الْفَجْرِ فَاسْتَيْقَظُوا بِحَرِّ الشَّمْسِ فَارْتَفَعُوا قَلِيلًا حَتَّى اسْتَقَلَّتْ ثُمَّ أَمَرَ الْمُؤَذِّنَ فَأَذَّنَ ثُمَّ صَلَّا مَ رَكْعَتَيْنِ قَبْلَ الْفَجْرِ ثُمَّ أَقَامَ الْمُؤَذِّنَ فَصَلَّى رَكْعَتَيْنِ قَبْلَ الْفَجْرِ ثُمَّ أَقَامَ الْمُؤَذِّنَ فَطَدَّنَ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ قَبْلَ الْفَجْرِ ثُمَّ أَقَامَ الْمُؤَذِّنَ فَطَدَّى فَصَلَلَى الْفَجْرِ

বাংলা

১৪০৭(৭). মুহাম্মাদ ইবনে ইয়াহইয়া ইবনে হারন আল-আসকাফী (রহঃ) ... ইমরান ইবনে হুসাইন (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কোন এক সফরে ছিলেন। রাতে লোকজন ঘুমিয়ে থাকায় তারা ফজরের নামায পড়তে পারেনি। তারা সূর্যের তাপে সজাগ হলো। তারা স্থান ত্যাগ করে সামান্য সামনে অগ্রসর হলো এবং সূর্য কিছুটা উপরে উঠলো। তারপর তিনি মুআযযিনকে নির্দেশ দিলে তিনি আযান দিলেন। অতঃপর তিনি ফজরের (ফরয নামাযের) পূর্বে দুই রাকআত (সুন্নাত) পড়লেন। তারপর মুআযযিন ইকামত দিলে তিনি ফজরের নামায পড়লেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন